গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

বিষয়: রেলপথ মন্ত্রণালয়ের 'ই-সার্ভিস বাস্তবায়ন রোড ম্যাপ' সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | হাসান মাহমুদ, যুগ্মসচিব (অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ৩০ জুন, ২০২২ খ্রি: |
| সভার সময় | : | বিকাল ৫.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং ৯৩০) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর তিনি রেলপথ মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট-কে কার্যপত্র অনুযায়ী সভার আলোচনা করার অনুরোধ জানান।

২.০ আলোচনা:

২.১ সিনিয়র সিস্টেম এনালিস্ট সভায় জানান যে, গত ১০ এপ্রিল, ২০১৮ তারিখে সচিব, রেলপথ মন্ত্রণালয়ের সভাপতিত্বে ই-সার্ভিস বাস্তবায়ন রোড ম্যাপ-২০২১ চূড়ান্তকরণ সম্পর্কিত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ই-সার্ভিস বাস্তবায়নে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক নির্মাণাধীন Government ERP (Enterprise Resource Planning) ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সভায় ই-সার্ভিস মডিউল বাংলাদেশ রেলওয়ে ও সরকারি রেল পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হলে রেলপথ মন্ত্রণালয়ের সহিত সমন্বিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।তিনি বিদ্যমান ই-সার্ভিস এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা করার জন্য উপস্থিত সদস্যগণকে আহ্বান জানান।

২.২ সভায় মো: ফরহাদ জাহিদ শেখ, চিফ ই-গর্ভমেন্ট স্ট্র্যাটেজিস্ট, এটুআই সভায় জানান যে, আইসিটি বিভাগ ই-সার্ভিস বাস্তবায়নে চাহিদা মোতাবেক Integrated software system/ Integrated service platform, Operational live dashboard/ Decision support system (DSS) সহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সর্বদা সচেষ্ট আছে।

২.৩ সৈয়দ মোঃ শাহিদুজ্জামান, অতিরিক্ত সিএসটিই, বাংলাদেশ রেলওয়ে সভায় জানান যে, বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন বিভাগ কর্তৃক কিছু কিছু পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে। পর্যায়ক্রমে সংশ্লিষ্ট পাইলট প্রকল্পসমূহের আওতা বৃদ্ধি করা হবে। তিনি সংশ্লিষ্ট রেলওয়ে বিভাগ সমূহ হতে তথ্য আনয়নের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

২.৪ সভাপতি সভায় জানান যে, ই-সার্ভিস বাস্তবায়িত হলে কাজের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং সরকারের অর্থেরও সাশ্রয় হবে। তিনি ই-সার্ভিস রোড ম্যাপ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন যে, বিদ্যমান ই-সার্ভিসের বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা থাকা জরুরি। সে প্রেক্ষিতে তিনি সভায় উপস্থিত সদস্যগণের নিকট হতে মতামত আহ্বান করেন।

২.৫ সভাপতির উক্ত আহ্বানের প্রেক্ষিতে বিদ্যমান ই-সার্ভিস এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সংক্রান্ত সভায় প্রাপ্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হয়ঃ

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(ক) বর্তমানে চলমান ই-সার্ভিস সংক্রান্ত তথ্যঃ

| Sl | Existing e-service Name | Present Status |
|---|---|---|
| 1 | e-Ticketing System | Shohoz এর সাথে ১৫/০২/২০২২ তারিখ হতে ৫ বছরের জন্য চুক্তি স্বাক্ষরিত হয়। |
| 2 | Human Resources Management | Development of Online employee Database for BR-এর পাইলট প্রজেক্ট হিসেবে বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীদের চাকুরীর তথ্যাদি, বদলী ইত্যাদি হালনাগাদ করণ শুরু হয়েছে। |
| 3 | Developing an online GIS Based Railway Track and Bridge Management Information System (RTB MIS) for AEN-1/Dhaka jurisdiction | Design and develop an online GIS based RTB MIS software, Collect essential data for use in the proposed RTB MIS software from the selected project area, Testing and commissioning the developed software to an appropriate system of the BR and training of BR personnel including Maintenance for 01 (one) years. |
| 4 | Asset & Inventory Management System | (ক) Bangladesh Railway Automated Support System -1 (BRASS-1) সফ্‌টওয়্যারটি রোলিং স্টক বিভাগের ডিজেল স্পেয়ার পার্টসের ইনভেন্ট্রি কন্ট্রোলে ব্যবহৃত। উল্লেখ্য বাংলাদেশ রেলওয়ের ইনভেন্ট্রি সেল ১৯৯৮ সাল হতে কম্পিউটারাইজড ডাটাবেজ পরিচালনা করে আসছে। |
| | | (খ) Bangladesh Railway Automated Support System -2 (BRASS-2) সফ্‌টওয়্যারটি রোলিং স্টক বিভাগের নন-ডিজেল স্পেয়ার পার্টসের ইনভেন্ট্রি কন্ট্রোলে ব্যবহৃত। |
| 5 | Development Implementation and Maintenance of Railway Estate Management System (REMS) for Lalmonirhat devision of Bangladesh Railway. | Establish digital railway land management system, simplify railway license management, monitoring of revenue earning, Railway land records preservation, Effective monitoring of civil cases related to Railway Land, reduce time, cost and communication of service recipients; introduce e-tendering system of railway land lease (if needed). |
| 6 | Train Tracking Monitoring System | বিদ্যমান সিস্টেমের মাধ্যমে যাত্রীগণ এসএমএস-এর মাধ্যমে ট্রেনের তথ্যাদি যেমন: ট্রেনের অবস্থান, বিলম্ব ইত্যাদি জানতে পারবেন। |

(খ) ভবিষ্যৎ এ ই-সার্ভিস সংক্রান্ত পরিকল্পনাঃ

| Sl | e-service Name | Area Of the Services |
|---|---|---|
| 1 | Workshop Monitoring System | Date of Locomotive service, name of the service, service cost etc. |
| 2 | Inspection Reporting & Monitoring | |
| 3 | Audit Management System | |
| 4 | Project Management & Monitoring System | |
| 5 | Vehicle/Transport Management System | |

(গ) আইসিটি বিভাগে সম্ভাব্য সহযোগিতা ক্ষেত্রসমূহঃ

1. Integrated software system/ Integrated service platform
2. Operational live dashboard/Decision support system (DSS) ইত্যাদিসহ চাহিত সহযোগিতা।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৩.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

৩.১ বিদ্যমান ই-সার্ভিস এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে বাংলাদেশ রেলওয়ে এবং সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে তথ্যাদি সংগ্রহ করতে হবে;

৩.২ ই-সার্ভিস বাস্তবায়নে আইসিটি বিভাগ হতে প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণ করতে হবে;

৩.৩ বিদ্যমান ই-সার্ভিসের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রস্তুত/সংগ্রহপূর্বক সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর উপস্থাপন করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(হাসান মাহমুদ)
যুগ্মসচিব
রেলপথ মন্ত্রণালয়